

এ্যাম্বুলেন্স প্রস্তুত রাখা হবে।

০৮। দুর্যোগ পরবর্তী ত্রান বিতরণী কাজে স্থানীয় প্রশাসনকে সহযোগিতা করা হবে।

০৯। স্থানীয় ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাথে যোগাযোগ রাখা হবে।

১০। আবহাওয়া দপ্তরের টর্নেডো/ঘূর্ণিঝড় পূর্বাভাস সংকেত অনুযায়ী গাজীপুর জেলার সম্ভাব্য আক্রান্ত এলাকা অনুসারে প্রস্তুতি গ্রহণ করা

হবে।

১১। টর্নেডো, জলাবদ্ধতা, বন্যা এবং পাহাড়ধস, ঘূর্ণিঝড় মোকাবেলায় সকল স্টেশনকে নিয়ন্ত্রণ কক্ষের মাধ্যমে সর্বোচ্চ সতর্ক থাকার নির্দেশ প্রদান করা হবে।

১২। টর্নেডো, জলাবদ্ধতা, বন্যা এবং পাহাড়ধস, ঘূর্ণিঝড়ে রাস্তাঘাটে পড়ে যাওয়া গাছপালা সরানোর জন্য হাত করাত, রোটারী রেসকিউ 'স', চেইন 'স', কুড়াল, সাবল, বেলচা, কুদাল, উড সার্কুলার 'স', রশি এবং প্রয়োজনীয় উদ্ধার যন্ত্রপাতি সহ টার্ণ আউটে সাজিয়ে রাখার জন্য সংশ্লিষ্ট স্টেশনকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

১৩। সরকারের নির্দেশনা অনুসারে সতর্ক সংকেত স্বাভাবিক না হওয়া পর্যন্ত গাজীপুর জেলার প্রতিটি স্টেশনের কর্মকর্তা ও কর্মচারীদের

সব ধরনের ছুটি বাতিল করা হবে।

১৪। জেলা প্রশাসক মহোদয়ের মিটিং এ অংশ গ্রহণের মাধ্যমে প্রাপ্ত নির্দেশনা বাস্তবায়নের প্রস্তুতি নেওয়া হবে।

১৫। সতর্ক সংকেত পাওয়া গেলে সংশ্লিষ্ট স্টেশন কর্তৃপক্ষকে 'রেসকিউ টিম' প্রস্তুত রাখার জন্য নির্দেশ প্রদান করা হয়েছে।

১৬। উদ্ধার কাজে অংশ গ্রহণের জন্য বিশেষ ধরনের সাজ-সরঞ্জাম ও জনবল সার্বক্ষণিক প্রস্তুত রাখতে সংশ্লিষ্ট স্টেশন কর্তৃপক্ষকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

## তাছাড়াও

১৭। আরো বড় ধরনের দুর্যোগে সহায়তা প্রয়োজন হলে মহোদয়ের সাথে যোগাযোগ করে বিশেষ রেসকিউ টিমের সাহায্য চাওয়া হবে।

১৮। সংশ্লিষ্ট জেলা প্রশাসক মহোদয় ও ইউএনও মহোদয়সহ স্থানীয় প্রশাসনের সাথে আলোচনার মাধ্যমে সম্ভাব্য করণীয় ঠিক করা হবে।

১৯। আবহাওয়া দপ্তরের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করে টর্নেডো/ঘূর্ণিঝড়ের সর্বশেষ তথ্যাদি সংগ্রহ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়

এবং তা বিভাগীয় নিয়ন্ত্রণ কক্ষের মাধ্যমে মহোদয়কে অবহিত করা হবে।

২০। প্রতিটি স্টেশনের আওতাধীন ভলান্টিয়ারদেরকে সম্ভাব্য দুর্যোগে কাজ করার জন্য প্রস্তুত থাকতে সংশ্লিষ্ট স্টেশনের মাধ্যমে সংবাদ

প্রদান করার জন্য নির্দেশ প্রদান করা হয়েছে।

২১। টর্নেডো/ঘূর্ণিঝড় ও বন্যার গতিবেগ কমতে শুরু করলে প্রতিটি স্টেশনের উদ্ধারকর্মীগণ টার্ণ আউটসহ সংশ্লিষ্ট টিম কমান্ডারের নিকট রিপোর্ট করতে এবং সর্বশেষ তথ্য প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়েছে।

২২। সার্বক্ষণিক টর্নেডো/ঘূর্ণিঝড়, পাহাড়ধস, বন্যার বিষয়ে জেলা প্রশাসক গাজীপুর এর নিয়ন্ত্রণ কক্ষের সাথে যোগাযোগ রক্ষা করার ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৩। অত্র দপ্তরের ওয়্যারহাউজ ইন্সপেক্টরদেরকে টর্নেডো/ঘূর্ণিঝড়, বন্যা চলাকালীন স্ব-স্ব এলাকার ফায়ার স্টেশনের অবস্থান করে কর্তব্য পালনের জন্য নির্দেশ প্রদান করা হয়েছে।

২৪। সংশ্লিষ্ট স্টেশন কর্তৃপক্ষকে টর্নেডো, জলাবদ্ধতা, বন্যা এবং পাহাড়ধস মোকাবেলায় সার্বিক প্রস্তুতি ও তত্ত্বাবধানে নিয়োজিত থাকতে নির্দেশ প্রদান করা হয়েছে।

২৫। অত্র দপ্তরাধীন আক্রান্ত এলাকা সমূহ পূর্ব থেকে চিহ্নিত করে সংশ্লিষ্ট সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসারদের সমন্বয়ে টিম গঠন করে কার্যপ্রণালী ঠিক করা এবং জেলা প্রশাসক মহোদয়সহ স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধির সাথে সার্বক্ষণিক যোগাযোগ